

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহাপরিচালকের কার্যালয়
যুব উন্নয়ন অধিদপ্তর
যুব ভবন
১০৮, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।
www.dyd.gov.bd

স্মারক নং- ৩৪.০১.০০০০.০২৬.২৩.২০৬.২৫- ১৩৪৯


তারিখ:

১৫ বৈশাখ ১৪৩২
২৮ এপ্রিল ২০২৫

বিজ্ঞপ্তি

আন্তর্জাতিক যুব দিবস এবং জাতীয় যুব দিবস একত্রে ১২ আগস্ট ২০২৫ তারিখে উদযাপন উপলক্ষ্যে আত্মকর্মসংস্থানে সফল আত্মকর্মী ও সংগঠনভিত্তিক কার্যক্রমের মাধ্যমে দেশের আর্থ-সামাজিক উন্নয়নমূলক কর্মকাণ্ডে অসাধারণ অবদানের জন্য শ্রেষ্ঠ যুব সংগঠককে জাতীয় যুব পুরস্কার প্রদান করা হবে। এ লক্ষ্যে জাতীয় যুব পুরস্কার নীতিমালা (সংশোধিত) ২০২৫ অনুসারে উপযুক্ত প্রার্থী মনোনয়নের জন্য নির্ধারিত ফরমে আবেদন আহ্বান করা যাচ্ছে। আবেদন ফরম ও জাতীয় যুব পুরস্কার নীতিমালা (সংশোধিত) ২০২৫ যুব উন্নয়ন অধিদপ্তরের ওয়েবসাইট (www.dyd.gov.bd) এ পাওয়া যাবে। আবেদনপত্র এবং সংযুক্ত দলিলাদি সুন্দর করে স্পাইরাল বাইন্ডিং পূর্বক দাখিল করতে হবে। প্রোফাইল প্রস্তাবে সূচিপত্র থাকতে হবে। আবেদনপত্রে বর্ণিত তথ্যাদির সমর্থনে উপযুক্ত প্রমাণক সংযুক্ত করতে হবে। নির্ধারিত আবেদন ফরম ব্যতীত অন্য কোনো ফরমে আবেদন করা হলে তা বিবেচনা করা হবে না। আগ্রহী প্রার্থীগণকে স্ব-স্ব উপজেলা/থানা যুব উন্নয়ন কর্মকর্তার কার্যালয়ে ১৫ মে ২০২৫ বৃহস্পতিবার বিকাল ৫ টার মধ্যে আবেদনপত্র দাখিল করতে হবে। নির্ধারিত তারিখের পর কোনো আবেদনপত্র গ্রহণ করা হবে না।

- ০২। আত্মকর্মী যুবদের অবশ্যই যুব উন্নয়ন অধিদপ্তর/ জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট হতে প্রশিক্ষণ প্রাপ্ত হতে হবে।
- ০৩। যুব সংগঠক পুরস্কারের জন্য আবেদনকারীকে যুব উন্নয়ন অধিদপ্তর কর্তৃক নিবন্ধন/স্বীকৃতি প্রাপ্ত যুব সংগঠনের সক্রিয় সদস্য হতে হবে।
- ০৪। বিশেষ চাহিদা সম্পন্ন/অটিস্টিক/ট্রান্স জেন্ডার/ক্ষুদ্র নৃ-গোষ্ঠী কোটায় কোনো আবেদনকারী আবেদন করলে সংশ্লিষ্ট কোটার সমর্থনে যথাযথ কর্তৃপক্ষের প্রত্যয়ন দাখিল করতে হবে।
- ০৫। ইতিপূর্বে জাতীয় যুব পুরস্কার প্রাপ্তগণ পুরস্কারের জন্য পুনরায় আবেদন করতে পারবেন না।
- ০৬। কোনো বিষয়ে অস্পষ্টতা থাকলে যুব উন্নয়ন অধিদপ্তরের স্থানীয় উপপরিচালক/উপজেলা/থানা যুব উন্নয়ন কর্মকর্তার কার্যালয় থেকে সহায়তা গ্রহণ করা যেতে পারে।
- ০৭। আবেদনকারীর সাফল্যের সংক্ষিপ্ত ইতিহাস-এর সফট কপি (sutonnyMJ Font-এ) উপপরিচালকের কার্যালয়ে জমা দিতে হবে।
- ০৮। আবেদনের সাথে সংশ্লিষ্ট আত্মকর্মী/যুব সংগঠকের উল্লেখযোগ্য কার্যক্রমের ছবি ও ভিডিও চিত্রের সিডি দাখিল করতে হবে।
- ০৯। অসম্পূর্ণ আবেদন বাতিল বলে বিবেচিত হবে।


(মোঃ আঃ হামিদ খান)
পরিচালক
বাস্তবায়ন পরিবীক্ষণ ও যুব সংগঠন
যুব উন্নয়ন অধিদপ্তর
ফোন : ০২-২২৩৩৮৯৭১০

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থেঃ

- ০১। পরিচালক -----(সকল), যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
- ০২। জেলা প্রশাসক -----(সকল) জেলা।
- ০৩। মাননীয় উপদেষ্টা মহোদয়ের একান্ত সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৪। সচিবের একান্ত সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৫। উপপরিচালক----- (সকল), যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
- ০৬। উপপরিচালক----- (সকল জেলা), যুব উন্নয়ন অধিদপ্তর।
- ০৫। প্রোগ্রামার, মহাপরিচালকের কার্যালয়, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ০৬। উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, যুব উন্নয়ন অধিদপ্তর, (সকল) উপজেলা, (সকল) জেলা।
- ০৭। মহাপরিচালক (গ্রেড-১) মহোদয়ের ব্যক্তিগত সহকারি, মহাপরিচালকের কার্যালয়, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা (মহাপরিচালক (গ্রেড-১) মহোদয়ের সদয় অবগতির জন্য)
- ০৮। অফিস কপি।